



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



সূত্রঃ ১৩৭৩ (২৫৮)/বাবুফে-সাধারণ সভা/২০২০

তারিখঃ ২৪-০৯-২০২০

সভাপতি/সাধারণ সম্পাদক/ভারপ্রাপ্ত ডাইরেক্টর ইন চার্জ/ডাইরেক্টর ইন চার্জ/সচিব/মহাসচিব/প্রশাসক/বিভিন্ন সংস্থা

বিষয়ঃ 'বাবুফে নির্বাচনী সাধারণ সভা ২০২০' এ অংশগ্রহণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, আগামী ০৩-১০-২০২০ তারিখ রোজ শনিবার বেলা ১১:০০ ঘটিকায় প্যান প্যাসিফিক সোনারগাঁও, ঢাকায় 'বাবুফে নির্বাচনী সাধারণ সভা ২০২০' অনুষ্ঠিত হবে।

'বাবুফে নির্বাচনী সাধারণ সভা ২০২০' এ ডেলিগেটবৃন্দের অংশগ্রহণের সুবিধার্থে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছেঃ

হোটেল চেক-ইনঃ

আগামী ০২-১০-২০২০ তারিখ শুক্রবার দুপুর ১২:০০ ঘটিকা হতে 'বাবুফে নির্বাচনী সাধারণ সভা ২০২০' এর ডেলিগেটবৃন্দকে ঢাকাস্থ প্যান প্যাসিফিক সোনারগাঁও এ চেক-ইন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। ঢাকা শহরের বাহির হতে আগত ডেলিগেটবৃন্দের জন্য সর্বোচ্চ ১ (এক) দিন আগে থেকে রুম বরাদ্দ করা যেতে পারে। চেক-ইন এর সময়ে জাতীয় পরিচয়পত্রের কপি সাথে আনতে হবে।

মধ্যাহ্ন ভোজ, নৈশ ভোজ ও সকালের নাস্তাঃ

'বাবুফে নির্বাচনী সাধারণ সভা ২০২০' উপলক্ষে ডেলিগেটবৃন্দের জন্য প্যান প্যাসিফিক সোনারগাঁও এ মধ্যাহ্ন ভোজ, নৈশ ভোজ ও সকালের নাস্তার ব্যবস্থা থাকবে।

রেজিস্ট্রেশনঃ

আগামী ০২-১০-২০২০ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা হতে রাত ৮.০০ ঘটিকা এবং আগামী ০৩-১০-২০২০ তারিখ সকাল ০৮:০০ ঘটিকা হতে সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত প্যান প্যাসিফিক সোনারগাঁও এর যমুনায় (নীচ তলা) ডেলিগেটবৃন্দের রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম অনুষ্ঠিত হবে। বাবুফের পক্ষে রেজিস্ট্রেশন ডেস্কে দায়িত্ব পালন করবেনঃ

- | | | | |
|----|------------------------|---|--------------------------|
| ক) | জনাব মোঃ আবু তাহের | - | হেড এ্যাসিস্টেন্ট |
| খ) | জনাব মোঃ মাসুদুর রহমান | - | অফিস এক্সিকিউটিভ |
| গ) | জনাব আসিফ খান সৌরভ | - | জুনিয়র অফিস এক্সিকিউটিভ |

বাবুফে নির্বাচনী কংগ্রেসঃ

আগামী ০৩-১০-২০২০ তারিখ সকাল ১১:০০ ঘটিকা হতে 'বাবুফে নির্বাচনী সাধারণ সভা ২০২০' প্যান প্যাসিফিক সোনারগাঁও এর গ্রান্ড বলরুমে অনুষ্ঠিত হবে। উক্ত কংগ্রেসে যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য ডেলিগেটবৃন্দকে অনুরোধ জানানো যাচ্ছে। কংগ্রেস শুরু হওয়ার ৩০ মিনিট পূর্ব হতে অর্থাৎ ১০.৩১ মিনিট হতে কংগ্রেস ভেন্যু (প্যান প্যাসিফিক সোনারগাঁও এর গ্রান্ড বলরুম) ডেলিগেটবৃন্দের জন্য খোলা থাকবে।

চলমান পাতা .. /২



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



(২)

হোটেল চেক-আউটঃ

আগামী ০৩-১০-২০২০ তারিখ 'বাফুফে নির্বাচনী সাধারণ সভা ২০২০' শেষে ডেলিগেটবৃন্দের জন্য লেট চেক-আউটের ব্যবস্থা থাকবে।

এমতাবস্থায়, উল্লেখিত সূচী মোতাবেক 'বাফুফে নির্বাচনী সাধারণ সভা ২০২০' সুষ্ঠু ও সফলভাবে আয়োজনে আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

সংশ্লিষ্ট বিষয়ে যে কোন প্রয়োজনে বাফুফে ম্যানেজার-গ্রাসরুটস্ জনাব মোঃ হাসান মাহমুদ (মোবাঃ ০১৭০৯৬৬০৫১৫) অথবা বাফুফে এক্সিকিউটিভ-মার্কেটিং জনাব মোজাম্মেল হোসেন মির্জা (মোবাঃ ০১৭০৯৬৬০৫১৭) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

একইসঙ্গে 'বাফুফে নির্বাচনী সাধারণ সভা ২০২০' এর আলোচ্যসূচী অনুযায়ী ক্রীড়া ব্যক্তিত্বদের মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহণ করা হবে বিধায় বিগত ১৭-১১-২০১৯ তারিখ হতে অদ্যবধি আপনার ক্লাবের/সংস্থার কোন ক্রীড়া ব্যক্তিত্ব যদি মৃত্যুবরণ করে থাকেন তাঁদের নামের তালিকা (মৃত্যুর তারিখ ও সংক্ষিপ্ত পরিচিতিসহ) আগামী ২৯-০৯-২০২০ তারিখের মধ্যে বাফুফে সচিবালয় বরাবর (বাফুফে ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ অথবা ফ্যাক্স নং ৯৫৭৪২৩৩, ৯৫৬৯৯০০ অথবা ই-মেইল: info@bff.com.bd) প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

ইহা আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,
বাংলাদেশ ফুটবল ফেডারেশন

মোঃ আবু নাইম সোহাগ
সাধারণ সম্পাদক



অনুলিপিঃ

- ১। বাফুফে সম্মানিত সভাপতি।
- ২। বাফুফে কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ।
- ৩। নির্বাচন কমিশন, বাফুফে নির্বাচন ২০২০।